



নির্বাচন কমিশন
বাংলাদেশ
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
নরসিংদী

নং- ১৭.০২.৬৮০০.০০০.৩২.০০১.১৫-২৭৬

তারিখঃ ০৫ জুলাই ২০১৫

নিয়োগ বিজ্ঞপ্তি


নির্বাচন কমিশন সচিবালয়ের চলমান ভোটার তালিকা হালনাগাদকরণ কর্মসূচীর জন্য নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কার্যক্রম চলাকালীন সময়ের জন্য (১ম স্তর-১১/০৮/২০১৫ হতে ২০/১০/২০১৫ তারিখ এবং ২য় স্তর-০২/১২/২০১৫ হতে ১০/০২/২০১৬ তারিখ পর্যন্ত) নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা*	ভোটার প্রতি সম্ভাব্য পারিশ্রমিক*	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
০১	টেকনিক্যাল সাপোর্ট	২	২/-	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ। নেট ওয়ার্কিং ও ডাটাবেইজে অভিজ্ঞ হতে হবে। ভোটার রেজিস্ট্রেশন কাজে অভিজ্ঞদের শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। ইতোপূর্বে যারা নির্বাচন কমিশনের অধীনে এ পদে দায়িত্ব পালন করেছেন তাদের অগ্রাধিকার দেয়া হবে।
০২	প্রফ রিডার	৪	৬/-	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার টাইপিং স্পিড : বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ শব্দ থাকতে হবে। ভোটার রেজিস্ট্রেশন কাজে অভিজ্ঞদের শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। ইতোপূর্বে যারা নির্বাচন কমিশনের অধীনে এ সকল পদে দায়িত্ব পালন করেছেন তাদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	টিম লিডার	২	৩/-	ন্যূনতম এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। ডাটা বেইজে অভিজ্ঞতা থাকতে হবে। টিম লিডার হিসাবে কাজে পূর্ব অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
০৪	ডাটা এন্ট্রি অপারেটর	৮	১২/-	ন্যূনতম এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার টাইপিং স্পিড : বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ শব্দ থাকতে হবে। কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার-এর জ্ঞান থাকতে হবে। ভোটার রেজিস্ট্রেশন কাজে অভিজ্ঞদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
০৫	ডাটা এন্ট্রি হেলপার	২	২/-	কমপক্ষে এস.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারের উপর প্রাথমিক ধারণা থাকতে হবে। ভোটার রেজিস্ট্রেশন কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

* নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারণ করা হবে।


শর্তাবলী :

- ১। আবেদনপত্রে পদের নাম, প্রার্থীর নাম, জাতীয় পরিচয়পত্রের নম্বর, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, নিজ জেলা, জাতীয়তা, জন্ম তারিখ, ১২/০৭/২০১৫ খ্রিঃ তারিখে বয়স, প্রার্থীর ব্যাংক একাউন্ট নম্বর (ব্যাংকের নাম ও শাখার নামসহ), মোবাইল নম্বর ও শিক্ষাগত যোগ্যতা অবশ্যই উল্লেখ করতে হবে।
- ২। আবেদনপত্রের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সত্যায়িত সনদপত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। ২০০৯, ২০১২ ও ২০১৪ সালে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে নিয়োগ প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৪। আবেদনপত্র অবশ্যই “ জেলা নির্বাচন অফিসার, নরসিংদী” এর কার্যালয়ে আগামী ১২/০৭/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।
- ৫। অসম্পূর্ণ, ভুল তথ্যপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৬। আবেদনকারীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা আগামী ১৪/০৭/২০১৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় জেলা নির্বাচন অফিসার, নরসিংদী এর অফিস কক্ষে গ্রহণ করা হবে। এজন্য কোন প্রার্থীর নামে পৃথক ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না।
- ৭। আবেদনকারীগণকে পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।
- ৮। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে নরসিংদী জেলার যে কোন স্থানে কাজ করতে সম্মত থাকতে হবে। থাকা-খাওয়ার ব্যবস্থা নিজ খরচে করতে হবে।
- ৯। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ/শূন্য পদগুলি পূরণ করতে বাধ্য নয়।
- ১০। সাক্ষাৎকার গ্রহণের পর প্রতিটি পদের বিপরীতে প্যানেল প্রস্তুত করে উহার ভিত্তিতে টিম গঠন করা হবে।


(মোঃ রফিকুল ইসলাম)
জেলা নির্বাচন অফিসার
নরসিংদী
ফোনঃ ০২-৯৪৬২৪৯১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নরসিংদী
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা
- ৫। পুলিশ সুপার, নরসিংদী
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/পলাশ/শিবপুর/মনোহরদী/বেলাব/রায়পুরা, নরসিংদী
- ৭। উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার, সদর/পলাশ/শিবপুর/মনোহরদী/বেলাব/রায়পুরা, নরসিংদী
- ৮। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
- ৯। নোটিশ বোর্ড,


জেলা নির্বাচন অফিসার
নরসিংদী